**পরীক্ষা নিয়ন্ত্রক দফতর**
www.iau.edu.bd
iau.exam@gmail.com

**ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়**
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পনি/ কা.মা. ১ বছর মেয়াদী পরীক্ষা/২০১৮/২৩১

তারিখঃ ২৬ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

# ২০১৮ সালে অনুষ্ঠিতব্য কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এর আবেদন ফরম পুরণের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

**পরীক্ষা শুরু হওয়ার সম্ভাব্য তারিখ ঃ ১০/০৩/২০১৮ খ্রি.**

**১। অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী :**

| ক্রম | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষার অনলাইন eFF এর তারিখ | ১৮-০২-২০১৮ থেকে ২২-০২-২০১৮ পর্যন্ত |
| ০২ | পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ | ১৮-০২-২০১৮ থেকে ২২-০২-২০১৮ পর্যন্ত |
| ০৫ | পরীক্ষা ফি, আনুষঙ্গিক ফি জমার রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এর পর প্রাপ্ত পরীক্ষার্থীর তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার শেষ তারিখ<br>(অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি জমার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ করা হবে না।) | ২৩-০২-২০১৮ থেকে ২৬-০২-২০১৮ পর্যন্ত |

**২। পরীক্ষার্থীর যোগ্যতা :**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) ভর্তিকৃত ছাত্র-ছাত্রী কামিল কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এ অংশ গ্রহণ করতে পারবে।

**৩। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী :**

রেজিস্ট্রেশন নম্বর ছাড়া আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**৪। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :**

পরীক্ষার্থীদেরকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর প্রচলিত কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) শ্রেণির জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

**৫। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

ক) eFFএর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সম পরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত মূল রশিদটি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

**(কোন অবস্থাতে ২২-০২-২০১৮খ্রি. এর পরে অনলাইনে eFF করা যাবে না)।**

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

**৬। সকল প্রকার পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নরূপ:**

| পরীক্ষার নাম | পরীক্ষার ফি (প্রতি পত্র) | টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পত্র) | মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী) | নম্বরপত্র ফি | মূল সনদপত্র ফি | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) | ২০০.০০ (৭ টি কোর্স) | ৮০.০০ | ২০০.০০ | ৫.০০ | ২০০.০০ | ২৫০.০০ | ২,৬১৫.০০ |

৭। <u>অন্যান্য ফি-এর হার :</u>

ক) কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা (ব্যবহারিক পরীক্ষা ব্যতীত) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

৯। ক) পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকার হিসাব নং- **০২০০০০৯০৮২৩৪১** (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার মূল রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র সহ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অন্যথায় এর দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

খ) ব্যাংকে টাকা জমার পর মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদরাসার সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঘ) **বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি-এর টাকা জমার রশিদ গ্রহণ করা হবে না।**

ঙ) টাকা জমা দেওয়ার সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের হালনাগাদ অধিভূক্তি নবায়ন কপি এবং গভর্নিং বডি অনুমোদন কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় পরীক্ষা সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ করা হবে না।

১০। <u>অন্যান্য বিষয় সংক্রান্ত:</u>

ক) অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি হওয়ার কারণে ২০১৭ সালে পরীক্ষা দেওয়ার যোগ্য নয় ও অন্য যে কোন ধরণের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১১। **<u>অন-লাইনে ফরম পূরণের www.iau.edu.bd এ কোন সমস্যা হলে হেল্প ডেস্ক নং-০১৭০৯৩৮৯০০৭ মোবাইল নম্বরে বা ই-মেইল iau.exam@gmail.com যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।</u>**

১২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৮ সালে অনুষ্ঠিতব্য কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এর পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

08.02.2018

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইআবি/পনি/ কা.মা. ১ বছর মেয়াদী পরীক্ষা/২০১৮/ ২৩২ তারিখ: ০৮ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. অধ্যক্ষ,..........................................................................
৩. পরিচালক, অর্থ ও হিসাব শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সকল কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭. জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দফতর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. অফিস কপি।

০৮-০২-১৮

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।